দৈনিক ইনকিলাব 67

তারিখ ... 09 AUG 1995 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১ .....

প্রথম ২০টি স্থানে ১২৯ জন!

রেজানুর রহমান ॥ ঢাকা বোর্ডের ১৯৯৫ সালের এস এস সি পরীক্ষায় বিজ্ঞান শাখার মেধা

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

প্রথম ২০টি

(১ম পৃঃ পর)

তালিকায় রেকর্ড সংখ্যক পরীক্ষার্থী স্থান পাইয়াছে। তালিকায় ২০টি স্থান একক ও যুগ্মভাবে দখল করিয়াছে ১২৯ জন। প্রথম হইতে ২০তম স্থান দখলকারী পরীক্ষার্থীদের মধ্যে প্রাপ্ত নম্বরের ব্যবধান মাত্র ২০। মেধা তালিকায় প্রথম স্থান অধিকারী যুগ্মভাবে ২ জন পাইয়াছে ৮৯৮ নম্বর এবং ২০তম স্থান অধিকারী যুগ্মভাবে ১৬ জন পাইয়াছে ৮৭৮ নম্বর। ২য় এবং ৮ম স্থানে যুগ্ম সংখ্যা নাই। ৪র্থ স্থান ৩ জন, ৫ম স্থান ৪ জন, ৬ষ্ঠ স্থান ৭ জন, ৭ম স্থান ৩ জন, ৯ম স্থান ৪ জন, ১০ম স্থান ৮ জন, ১১তম স্থান ৪জন, ১২তম স্থান ১১ জন, ১৩তম স্থান ৭জন, ১৪তম স্থান ৬ জন, ১৫তম স্থান ১২ জন, ১৬তম স্থান ৮জন, ১৭তম স্থান ৭জন, ১৮তম স্থান ১৩ জন, ১৯তম স্থান ১০ জন দখল করিয়াছে।

পূর্ব ঘোষণা অনুযায়ী ঢাকা বোর্ড গতকাল সংবাদপত্র অফিসে ফলাফল বই পাঠায় নাই। ঐতিহ্য অনুযায়ী সংবাদপত্রসমূহ মেধা তালিকায় উত্তীর্ণদের নিয়া বিশেষ রিপোর্ট প্রকাশ করিয়া থাকে। কিন্তু গতকাল ঢাকা বোর্ড এই মেধা তালিকা প্রদানের ক্ষেত্রেও অনীহা দেখাইয়াছে। সকাল ১০টায় মেধা তালিকার মাত্র ১৪টি কপি পি,আইডিতে পাঠানো হয়। ফলে সকালে পিআইডি হইতে মেধা তালিকার কপি সংবাদপত্র অফিসে পাঠানো যায় নাই। দুপুরে ফটোষ্ট্যাট করিয়া পি আই ডি হইতে মেধাতালিকার কপি সংবাদপত্র অফিসসমূহে সরবরাহ করা হয়। উল্লেখ্য যশোর বোর্ডের ফলাফল প্রকাশের দিন বোর্ডের পক্ষ হইতে মেধা তালিকার ৭০টি কপি পিআইডিতে পাঠানো হইয়াছিল। ঘোষণা অনুযায়ী কেন্দ্রসমূহে ফলাফল পাঠানো হইলেও অধিকাংশ ক্ষেত্রে মেধা স্থান অধিকারীদের তালিকা পাঠানো হয় নাই। খিলগাঁও সরকারী উচ্চ বিদ্যালয়ের ছাত্র তারেক আহমেদ সমাজবিজ্ঞান শাখার মেধা তালিকায় প্রথম স্থান অধিকার করিয়াছে। অথচ তাহার স্কুলে পাঠানো তালিকায় মেধা স্থান দখলের কোন তথ্য ছিল না। সে তাহার স্কুল হইতে প্রথম বিভাগে পাসের খবর পায়। পরবর্তীতে বিভিন্ন পত্রিকার সাংবাদিকরা তাহাকে আসল খবরটি জানায়।